

**AKASHVANI(AIR)**  
**RNU:KOLKATA**  
**BengaliText Bulletin**

**Date 21-12-2025**

**Time: 1.30 P.M.**

বিশেষ বিশেষ খবর -

- ১) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ নামরূপে ১২ হাজার কোটি টাকার অ্যামোনিয়া-ইউরিয়া সার প্রকল্পের ভূমি পূজা করেছেন। সকালে গুয়াহাটিতে অসম আন্দোলনের শহীদ স্মারকে তিনি পুষ্পার্ঘ্য নিবেদন করেন।
- ২) রেল দুর্ঘটনায় হাতির মৃত্যু কমাতে, কেন্দ্রীয় বন ও পরিবেশমন্ত্রক একগুচ্ছ পদক্ষেপ নিতে চলেছে।
- ৩) রেল কর্তৃপক্ষ আগামি ২৬ এ ডিসেম্বের থেকে ট্রেন ভাড়ার পুনর্বিন্যাস করেছে।
- ৪) আর এস এস-এর শতবর্ষ পূর্তি উপলক্ষে সরসংঘ চালক মোহন ভাগবত আজ কলকাতায় এক অনুষ্ঠানে বলেছেন, দেশের উন্নয়নে সমাজকে সংগঠিত করা প্রয়োজন।
- ৫) বাংলাদেশের Rapid Action Battalion জানিয়েছে, ময়মনসিংহে জনরোষে নিহত হিন্দু যুবকের বিরুদ্ধে ধর্ম অবমাননার কোন পরিকার তথ্য এখনও পর্যন্ত পাওয়া যায়নি।
- ৬) পুরুষদের অনূর্ধ্ব-১৯ এশিয়া কাপ ক্রিকেটের ফাইনালে দুবাই-তে ভারত আজ পাকিস্তানের মুখোমুখি হয়েছে।

---

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ অসমের নামরূপে ১২ হাজার কোটি টাকার অ্যামোনিয়া-ইউরিয়া সার প্রকল্পের ভূমি পূজা করেছেন।

আজ সকালে শ্রী মোদী গুয়াহাটীৰ পশ্চিম বোৰাগাঁওয়ে অসম আন্দোলনৰ ৮৬০ জন শহীদেৰ স্মৰণে নবনিৰ্মিত শহীদ স্মাৰক ক্ষেত্ৰে পুষ্পাৰ্ঘ্য নিবেদন কৰেন। পৰে তিনি শহীদ স্মাৰকটি ঘূৰে দেখেন।

দু দিনেৰ অসম সফৰেৰ দ্বিতীয় দিনে, শ্রী মোদী ব্ৰহ্মপুত্ৰ নদে একাটি ত্ৰুজে 'পৰীক্ষা পে চৰ্চা' কৰ্মসূচীৰ আওতায় ২৫ জন স্কুলছাত্ৰেৰ সঙ্গে মতবিনিময় কৰেন।

গতকাল প্ৰধানমন্ত্ৰী গুয়াহাটীৰ লোকপ্ৰিয় গোপীনাথ বৰদলৈ আন্তৰ্জাতিক বিমানবন্দৰে অত্যাধুনিক নতুন টাৰ্মিনাল ভবন উদ্বোধন কৰেন। তিনি বিমানবন্দৰে অসমেৰ প্ৰাক্তন মুখ্যমন্ত্ৰী গোপীনাথ বৰদলৈয়েৰ মূৰ্তিও উন্মোচন কৰেন।

-----

‘ঘোষ্টপেয়াৰিং’ নামে একাটি সাইবাৰ প্ৰচাৰেৰ মাধ্যমে হোয়াটসঅ্যাপ অ্যাকাউন্ট হ্যাক কৰা হছে বলে বৈদ্যুতিন ও তথ্য প্ৰযুক্তি মন্ত্ৰক সতৰ্কতা জাৰী কৰেছে। মন্ত্ৰক জানিয়েছে যে, হ্যাকৰৰা অথেণ্টিকেশন ছাড়াই পেয়াৰিং কোড ব্যবহার কৰে হোয়াটসঅ্যাপেৰ ডিভাইস-লিঙ্কিং ফিচাৰটিৰ অপব্যবহার কৰেছে।

মন্ত্ৰক আৰো জানিয়েছে, সাধাৰণত একজন বিশ্বস্ত পৰিচিত ব্যক্তিৰ নম্বৰ থেকে হ্যাকৰৰা ‘হাই, এই ছবিটি দেখুন’—এই ধৰণেৰ একাটি বাৰ্তা পাঠায়। বাৰ্তাটিতে ফেসবুকেৰ মতো প্ৰিভিউসহ একাটি লিঙ্ক থাকে, যা ব্যবহারকাৰীকে ফোন নম্বৰেৰ মাধ্যমে একাটি যাচাইকৰণ প্ৰক্ৰিয়াৰ দিকে নিয়ে যায়। এৰ ফলে হ্যাকৰৰা কোনো পাসওয়ার্ড চুৰি বা সিম সোয়াপিং ছাড়াই ভুক্তভোগীৰ হোয়াটসঅ্যাপ অ্যাকাউন্টে সম্পূৰ্ণ প্ৰবেশাধিকাৰ পেয়ে যায় বলে মন্ত্ৰক উল্লেখ কৰেছে।

এজন্য মন্তব্য নাগরিকদের সন্দেহজনক লিঙ্কে ক্লিক না করতে এবং বাইরের কোনো সাইটে তাদের ফোন নম্বর না দিতে অনুরোধ করেছে। হোয়াটসঅ্যাপে লিঙ্কড ডিভাইসের সেটিংস নিয়মিত পরীক্ষা করে এই ধরনের ফাঁদে পা না দেবার পরামর্শ দিয়েছে মন্ত্রক।

---

রেল দুর্ঘটনায় হাতির মৃত্যু কমাতে, কেন্দ্রীয় বন ও পরিবেশমন্ত্রক একগুচ্ছ পদক্ষেপ নিতে চলেছে। আজ পশ্চিমবঙ্গের দক্ষিণ 24 পরগনার গোসাবায় এক অনুষ্ঠান শেষে কেন্দ্রীয় বন ও পরিবেশমন্ত্রী ভূপেন্দ্র যাদব একথা জানিয়েছেন। সাংবাদিকদের তিনি বলেন, রেলকে দুর্ঘটনা প্রবন এলাকাগুলি চিহ্নিত করার জন্য বলা হয়েছে। এ ছাড়া সংশ্লিষ্ট জেলা শাসক ও পুলিশ সুপারদের নিয়ে হোয়াটস আপ গ্রুপের মাধ্যমে পরিস্থিতির ওপর নজর রাখতে বলা হয়েছে। অন্যদিকে হাতির হামলায় নিহতদের ক্ষতিপূরণ ব্যবস্থার সরলীকরণ করার উদ্যোগ নেওয়া হয়েছে। শ্রী যাদব, সুন্দরবনের পরিকাঠামো উন্নয়নে রাজ্য সরকারের ভূমিকার সমালোচনা করেন। তিনি আজ project elephant steering committee এবং জাতীয় ব্যাঘ্র সংরক্ষণ কর্তৃপক্ষের বৈঠকে অংশ নেন।

---

রেল কর্তৃপক্ষ ট্রেন ভাড়ার কিছু পরিবর্তন করেছে। সাধারণ শ্রেণীতে 215 কিমি পর্যন্ত ভাড়া অপরিবর্তিত থাকছে। তার পর প্রতি কিলোমিটারে 1 পয়সা করে ভাড়া বাড়বে। মেল, এক্সপ্রেস, নন এসির ভাড়া প্রতি কিলোমিটারে 2 পয়সা করে বাড়বে। এসি টেও প্রতি কিলোমিটারে 2 পয়সা করে ট্রেন ভাড়া বাড়বে। শহরতলী এবং মাসিক সিজন টিকিটের ভাড়া অপরিবর্তিত থাকছে। এর ফলে চলতি বছরে রেলের 600 কোটি

টাকা অতিরিক্ত আয় হবে। আগামী 26 এ ডিসেম্বর থেকে ভাড়া নতুন হার কার্যকর হবে।

---

পশ্চিমবঙ্গে ভোটের তালিকার বিশেষ নিবিড় সংশোধনী প্রক্রিয়ার শুনানি পর্বে স্বচ্ছতা আরও জোরদার করতে কেন্দ্রীয় সরকারি আধিকারিকদের মাইক্রো অবজার্ভার হিসেবে নিয়োগের প্রস্তুতি শুরু করল নির্বাচন কমিশন। বিভিন্ন শুনানি কেন্দ্রে মূলত কেন্দ্রের গ্রুপ বি বা তার উর্ধ্বতন পদমর্যাদার আধিকারিকদেরই এই দায়িত্ব দেওয়া হবে বলে রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের দপ্তর সূত্রে জানা গিয়েছে। এই সংক্রান্ত প্রস্তুতি ও সমন্বয় নিয়েই গতকাল কেন্দ্রের অধীনস্থ একাধিক দফতরের বিভাগীয় প্রধানদের সঙ্গে বৈঠক করেন রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ কুমার আগরওয়াল ও তাঁর দপ্তরের পদস্থ কর্মীরা। বৈঠকে কোল ইন্ডিয়া, ডিভিসি, আয়কর বিভাগ, আরবিআই, মেট্রো রেল-সহ মোট ১৬টি কেন্দ্রীয় দফতরের প্রতিনিধিরা উপস্থিত ছিলেন। শুনানি পর্বে কী ভাবে দায়িত্ব পালন করতে হবে, কী কী বিষয়ে নজর রাখতে হবে, তা নিয়েই মূলত আলোচনা হয়েছে বলে সূত্রের খবর। ২৪ তারিখ মাইক্রো অবজার্ভার হিসেবে নিযুক্ত আধিকারিকদের জন্য বিশেষ প্রশিক্ষণের আয়োজন করা হচ্ছে বলে জানা গিয়েছে।

---

দেশের উন্নয়নে সমাজকে সংগঠিত করা প্রয়োজন বলে রাষ্ট্রীয় স্বয়ংসেবক সংঘের সরসঙ্ঘচালক মোহন রাও ভাগবত জানিয়েছেন। শতবর্ষ পূর্তি উপলক্ষে কলকাতার সায়েন্স সিটি প্রেক্ষাগৃহে প্রবুদ্ধ নাগরিক সম্মেলনে দেশগঠনে RSS-এর গঠনমূলক ভূমিকা

নিয়ে তিনি আলোচনা করেন। শ্রী ভাগবত বলেন,আমাদের দেশে হিন্দু সমাজকে সংগঠিত করা প্রয়োজন।

বাইট

তিনি বলেন, কোন একজন বিশিষ্ট ব্যক্তিকে দেখে সমাজের বাকি মানুষেরা তাকে অনুসরণ করে। তাই এমন বিশিষ্ট ব্যক্তিদের সংগঠন গড়ে তোলা বিশেষ প্রয়োজন। রাষ্ট্রীয় স্বয়ংসেবক সংঘ প্রসঙ্গে শ্রী ভাগবত জানান,সংঘ কোন প্রতিক্রিয়া বা বিরোধিতার জন্য গড়ে ওঠেনি। কোন লাভের জন্যও কাজ করে না। সংঘ ধ্বংসের পরিবর্তে প্রতিশ্রুতি পূরণের কাজ করে।

বাইট

-----

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ২৮ শে ডিসেম্বর (রবিবার) আকাশবাণীতে "মন-কি-বাত" অনুষ্ঠানে তাঁর চিন্তাভাবনা দেশ-বিদেশের মানুষের সঙ্গে ভাগ করে নেবেন। এটি হবে মাসিক এই বেতার অনুষ্ঠানের ১২৯-তম পর্ব। বেলা ১১-টা থেকে আকাশবাণী এবং দূরদর্শনের সবকটি চ্যানেল এবং আকাশবাণীর নিউজ অন এ.আই.আর. ওয়েবসাইট, মোবাইল অ্যাপ, প্রধানমন্ত্রীর দফতর, তথ্য ও সম্প্রচারমন্ত্রকের ওয়েবসাইট ও ইউটিউব চ্যানেলেও "মন-কি-বাত" সম্প্রচারিত হবে। হিন্দিতে এই অনুষ্ঠান সম্প্রচারিত হবার পরেই আঞ্চলিক ভাষায় এর তর্জমা শোনা যাবে। নিঃশুল্ক নম্বর ১৮০০-১১-৭৮০০ নম্বরে ম্যাসেজ করে কিংবা মাই গভ বা নমো অ্যাপে মতামত জানানো যাবে।

-----

বাংলাদেশের Rapid Action Battalion জানিয়েছে, ময়মনসিংহে জনরোষে নিহত হিন্দু যুবকের বিরুদ্ধে ধর্ম অবমাননার কোন পরিষ্কার তথ্য এখনও পর্যন্ত পাওয়া যায়নি। এই ঘটনায় ওই যুবকের কর্মস্থল একটি কারখানার ম্যানেজার তাঁর বিষয়ে পুলিশকে না জানিয়ে, উন্মত্ত জনতার হাতে তুলে দেয় বলে অভিযোগ উঠেছে। ২৮ বছর বয়স্ক নিহত ওই যুবক দীপু চন্দ্র দাস ভালুকা উপ-জেলার একটি পোষাক কারখানায় কাজ করতেন। গত বৃহস্পতিবার তার বিরুদ্ধে ধর্মদ্রোহিতার অভিযোগ তুলে জামিরদিয়ায় উন্মত্ত জনতা তাকে পিটিয়ে হত্যা করে। পরে তার দেহ গাছে বেঁধে আগুন লাগিয়ে দেওয়া হয়। এই ঘটনার জেরে সর্বত্র সমালোচনার ঝড় উঠেছে।

গতকাল Rapid Action Battalion-এর অধিকর্তা নাইমুল হাসান সাংবাদিকদের জানান, এই ঘটনায় সংশ্লিষ্ট কারখানার ম্যানেজার সহ ১০ জনকে গ্রেফতার করা হয়েছে এবং কেন তাঁকে পুলিশের কাছে হস্তান্তর না করে জনতার হাতে তুলে দেওয়া হয়, সে বিষয়ে তদন্ত চলছে। নিহত যুবকের ভাই, এই ঘটনায় অজ্ঞাত পরিচয় ব্যক্তিদের বিরুদ্ধে একটি খুনের মামলা দায়ের করেছে।

-----

বাংলাদেশের সংবাদপত্রগুলির সম্পাদকদের পরিষদ এবং সংবাদপত্র মালিক সমিতি আজ সংবাদমাধ্যম ও সাংস্কৃতিক প্রতিষ্ঠানের উপর সাম্প্রতিক উন্মত্ত জনতার হাতে নিহত এবং হামলার নিন্দা জানাতে একটি প্রতিবাদ সভার আয়োজন করছে। সংবাদপত্রের স্বাধীনতা এবং গণতান্ত্রিক মূল্যবোধের প্রতি উদ্বেগ প্রকাশ করে এই উদ্যোগ। " উন্মত্ত জনতার হিংসাত্মক কাজে বাংলাদেশ ক্ষতিগ্রস্ত" শীর্ষক সভাটি ঢাকায় অনুষ্ঠিত হবে। বিভিন্ন রাজনৈতিক দল, সাংবাদিক সংগঠন, পেশাদার গোষ্ঠী এবং নাগরিক সমাজের শীর্ষস্থানীয় নেতৃত্ব এতে যোগ দেবেন বলে আশা করা হচ্ছে।

আয়োজকরা জানিয়েছেন, প্রথম আলো এবং দ্য ডেইলি স্টার সংবাদপত্রের দপ্তরে ভাঙচুর, লুটপাট এবং অগ্নিসংযোগ সহ একাধিক হামলার পাশাপাশি সাংস্কৃতিক সংগঠন ছায়ানট এবং উদীচীর উপর আক্রমণের ফলে এই বিক্ষোভ কর্মসূচীর পরিকল্পনা করা হয়েছে।

জামায়াত-ই-ইসলামির ছাত্র সংগঠন ইসলামী ছাত্র শিবির নেতা মোস্তাকুর রহমান জাহিদের বিতর্কিত মন্তব্যের পর উত্তেজনাপূর্ণ পরিবেশে এই সভা অনুষ্ঠিত হচ্ছে। জাহিদ প্রকাশ্যে এই দুই সংবাদপত্র বন্ধের আহ্বান জানান। সাংবাদিক এবং মানবাধিকারকর্মীরা এর তীব্র সমালোচনা করেছেন।

-----

ইউক্রেনের সঙ্গে রাশিয়ার যুদ্ধ বন্ধের লক্ষ্যে মার্কিন আলোচনাকারীরা গতকাল ফ্লোরিডায় রুশ প্রতিনিধিদের সঙ্গে আলোচনায় বসেন। গত শুক্রবার ইউক্রেন এবং ইউরোপীয় ইউনিয়নের প্রতিনিধিদের সঙ্গে মার্কিন যুক্তরাষ্ট্রের আলোচনার পরই রাশিয়ার সঙ্গে নতুন করে সরাসরি এই আলোচনা শুরু হয়েছে। এই আলোচনায় রুশ – ইউক্রেন যুদ্ধ বন্ধের লক্ষ্যে একটি শান্তি পরিকল্পনা বিষয়ে মত বিনিময় হয়েছে বলে জানা গেছে।

রুশ রাষ্ট্রপতি ভ্লাদিমির পুতিনের বিশেষ দূত কিরিল ডিমিত্রিয়েভ সাংবাদিকদের জানান, গঠনমূলক পরিষেবা আলোচনা হয়েছে এবং আজও মার্কিন বিশেষ দূত স্টিভ উইটকফ এবং ডোনাল্ড ট্রাম্পের জামাতা জারেড কুশনারের সঙ্গে আলোচনা চলবে।

এদিকে, গতকাল ইউক্রেনের রাষ্ট্রপতি ভলোদিমির জেলেনেস্কি কিয়েভে সাংবাদিকদের জানান, রাশিয়ার সঙ্গে বন্দি বিনিময় এবং সেদেশের জাতীয় নেতৃবৃন্দের সঙ্গে আলোচনার ব্যবস্থা করা হলে, তাঁরা ত্রিপাক্ষিক বৈঠকের প্রস্তাব বিবেচনা করবেন।

-----



আজ বিশ্ব ধ্যান দিবস। গত বছর রাষ্ট্রসংঘের সাধারণ পরিষদ ২১শে ডিসেম্বরকে ‘বিশ্ব ধ্যান দিবস’ হিসেবে ঘোষণা করার পর এবছর দ্বিতীয়বার এটি পালিত হচ্ছে। সূর্যের উত্তরায়ণের সঙ্গে মিল রেখে এই তারিখটি বেছে নেওয়া হয়েছিল, যা আত্মদর্শন এবং অভ্যন্তরীণ শান্তির প্রতীক।

---

কেন্দ্রীয় যুব এবং ক্রীড়া মন্ত্রকের উদ্যোগে ফিট ইন্ডিয়া কর্মসূচীর অংশ হিসেবে আজ পুদুচেরীতে রবিবারে সাইকেল চালানো অভিযানের প্রথম বর্ষপূর্তি উপলক্ষে সাইকেল মিছিলের আয়োজন করা হয়। কেন্দ্রীয় যুব ও ক্রীড়া দফতরের মন্ত্রী ডক্টর মনসুখ মান্ডভিয়ার নেতৃত্বে এই মিছিলের উদ্বোধন করেন পুদুচেরীর উপ-রাজ্যপাল কে কৈলাস নাথন এবং মুখ্যমন্ত্রী এন রঙ্গাস্বামী। মিছিলটি সমুদ্র সৈকতের কাছে গান্ধী মূর্তির পাদদেশ থেকে শুরু হয়ে শহর পরিক্রমা করে। এই মিছিলে ছাত্র যুব ছাড়াও পুদুচেরী বিধানসভার অধ্যক্ষ আর সেলভাম মুখ্য সচিব ডক্টর শরৎ চৌহান প্রমুখ অংশ নেন।

---

দুবাইয়ে অনূর্ধ্ব -১৯ এশিয়া কাপ ক্রিকেটের ফাইনালে ভারত ও পাকিস্তান মুখোমুখি হয়েছে। টসে জিতে ভারত পাকিস্তানকে ব্যাট করতে পাঠিয়েছে। শেষ খবর পাওয়া পর্যন্ত, পাকিস্তান ৩৭ ওভারে ২ উইকেট হারিয়ে ২৫৪ রান করেছে। পাকিস্তানের পক্ষে সমীর মিনহাজ ১৩৯ রানে অপরাজিত রয়েছেন এবং আহমেদ হোসেন ৫০ রানে অপরাজিত রয়েছেন।

---



বিশাখাপত্তনমে আজ মহিলাদের ক্রিকেটে, পাঁচ ম্যাচের সিরিজের প্রথম টি-টোয়েন্টি আন্তর্জাতিক ম্যাচে ভারত শ্রীলঙ্কার মুখোমুখি হবে। ম্যাচ শুরু সন্ধ্যা ৭টায়। হরমণপ্রীত কৌরের নেতৃত্বে ভারত তাদের মহিলা টি-টোয়েন্টি বিশ্বকাপের প্রস্তুতির অংশ হিসেবে শ্রীলঙ্কার বিপক্ষে পাঁচটি টি-টোয়েন্টি ম্যাচ খেলবে।

প্রথম দুটি ম্যাচ বিশাখাপত্তনমে এবং শেষ তিনটি ম্যাচ তিরুবনন্তপুরমে খেলা হবে।

-----